

বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

www.bangladeshbank.org.bd

বিএফআইইউ সার্কুলার নং-১২

তারিখ : ১৫ আষাঢ়, ১৪২২
২৯ জুন, ২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য
অনুসরণীয় নির্দেশনাসমূহ সম্পর্কিত মাস্টার সার্কুলার

প্রিয় মহোদয়,

মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (২০১২ ও ২০১৩ সালের সংশোধনীসহ) এর উদ্দেশ্য পূরণকল্পে এবং উক্ত আইন ও আইনের আওতায় জারীকৃত বিধিমালার সংশ্লিষ্ট বিধানাবলী পরিপালনে আর্থিক প্রতিষ্ঠানসমূহের জন্য অনুসরণীয় নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৩(১)(ঘ) এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৫(১)(জ) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে জারী করা হলোঃ

১। পরিপালন কাঠামো

১.১ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ নীতিমালা

মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আন্তর্জাতিক মানদণ্ড, দেশে বিদ্যমান আইন, বিধিমালা ও বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ)-এর নির্দেশনাবলীর সমন্বয়ে প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা থাকবে যা তাদের পরিচালনা পর্ষদ বা প্রযোজ্য ক্ষেত্রে প্রতিষ্ঠানের সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অনুমোদিত হবে এবং তা' সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনতে হবে। আর্থিক প্রতিষ্ঠান সময় সময় নীতিমালাটি পর্যালোচনা করবে এবং প্রয়োজনীয় ক্ষেত্রে সংশোধন/পরিমার্জন করবে।

১.২ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে অঙ্গীকার ঘোষণা

আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী বাৎসরিক ভিত্তিতে প্রতিষ্ঠানের সকল বিভাগ/শাখার কর্মকর্তা/কর্মচারীদের উদ্দেশ্যে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে সুস্পষ্ট ও কার্যকর অঙ্গীকার ঘোষণা করবেন এবং অঙ্গীকার বাস্তবায়নে যথাযথ নির্দেশনা প্রদান করবেন।

১.৩ কেন্দ্রীয় পরিপালন ইউনিট (Central Compliance Unit)

- (১) আর্থিক প্রতিষ্ঠানগুলোকে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য এবং মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী যথাযথভাবে পরিপালনার্থে প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানে একজন উর্ধ্বতন কর্মকর্তার নেতৃত্বে প্রধান কার্যালয়ে একটি 'কেন্দ্রীয় পরিপালন ইউনিট' (Central Compliance Unit) প্রতিষ্ঠা করবে যা সরাসরি প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক তত্ত্বাবধান করতে হবে। উল্লিখিত 'উর্ধ্বতন কর্মকর্তা' প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Chief Anti Money Laundering Compliance Officer-CAMLCO) নামে অভিহিত হবেন। এক্ষেত্রে 'উর্ধ্বতন কর্মকর্তা' বলতে আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তার অব্যবহিত নীচের ৩ (তিন) ধাপ পর্যন্ত পদমর্যাদার কর্মকর্তাগণ বিবেচিত হবেন। কেন্দ্রীয় পরিপালন ইউনিটে উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Deputy Chief Anti Money Laundering Compliance Officer-DCAMLCO) হিসেবে উপযুক্ত কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা যাবে।
- (২) প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার ন্যূনতম ৭ (সাত) বছরের অভিজ্ঞতা (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে) থাকতে হবে, তন্মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর ব্যবস্থাপনা পর্যায়ে কর্মরত হতে হবে। উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে) থাকতে হবে।

- (৩) প্রধান এবং উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশনাবলী ও এতদ্বিষয়ে আন্তর্জাতিক মানদণ্ডসমূহের উপর সম্যক ধারণা থাকতে হবে। উক্ত কর্মকর্তাদেরকে প্রতিষ্ঠানের অন্য কোন দায়িত্ব অর্পণের পূর্বে ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে নিশ্চিত হতে হবে যে এর ফলে প্রতিষ্ঠানটির মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম বিঘ্নিত হবে না। প্রধান এবং উপ-প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা সম্পর্কিত তথ্যাদি (পরিশিষ্ট-ক) প্রতিবছর জানুয়ারি মাসের প্রথমার্ধে লিখিতভাবে বিএফআইইউ-কে অবহিত করতে হবে।
- (৪) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান নিজ প্রতিষ্ঠানের আকার, ব্যাপ্তি, কার্যক্রম, গ্রাহকের সংখ্যা ইত্যাদি বিবেচনাপূর্বক কেন্দ্রীয় পরিপালন ইউনিটে উপযুক্ত সংখ্যক কর্মকর্তা/কর্মচারী নিয়োগ করবে। উল্লেখ্য, কেন্দ্রীয় পরিপালন ইউনিট ও অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ সম্পূর্ণ পৃথক দুইটি ইউনিট বা বিভাগ হিসেবে মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সম্পাদন করবে।
- (৫) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে আর্থিক প্রতিষ্ঠানগুলো প্রাতিষ্ঠানিক কৌশল ও কর্মসূচী নির্ধারণ করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে। কেন্দ্রীয় পরিপালন ইউনিট মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কর্মসূচীর বাস্তবায়ন নিশ্চিত করবে।
- (৬) কেন্দ্রীয় পরিপালন ইউনিট মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে আর্থিক প্রতিষ্ঠানের গৃহীত পদক্ষেপ, এ বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি ও সুপারিশ সম্বলিত প্রতিবেদন ষান্মাসিক ভিত্তিতে (জানুয়ারি-জুন, জুলাই-ডিসেম্বর) প্রতিষ্ঠানের প্রধান নির্বাহীর অবগতি ও নির্দেশনার জন্য দাখিল করবে। উক্ত প্রতিবেদনে এ সার্কুলারের ৮.৩(১) এ বর্ণিত বিষয়সমূহসহ মানিলভারিং এবং সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিএফআইইউ কর্তৃক কোন ব্যবস্থা গৃহীত হয়ে থাকলে তা অন্তর্ভুক্ত করতে হবে। প্রধান নির্বাহীর নির্দেশনা ও মতামতসহ প্রতিবেদনটি প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদ বা সর্বোচ্চ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে এবং প্রতিবেদনটির একটি কপি সংশ্লিষ্ট ষান্মাসিক শেষ হওয়ার ২ (দুই) মাসের মধ্যে বিএফআইইউ বরাবরে প্রেরণ করতে হবে।
- (৭) কেন্দ্রীয় পরিপালন ইউনিট নিম্নে উল্লিখিত ১.৪ অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক শাখা পর্যায়ে পরিপালন কর্মকর্তা মনোনয়নের মাধ্যমে অভ্যন্তরীণ নিরীক্ষণ ও নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রতিষ্ঠা করবে। এক্ষেত্রে নির্দিষ্ট কর্মকর্তাকে মনোনয়নপূর্বক মনোনীত কর্মকর্তাকে তার দায়িত্বসমূহ লিখিতভাবে অবহিত করবে।
- (৮) কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখাসমূহের জন্য অনুসরণীয় নির্দেশনাবলী জারী করবে যেখানে মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে লেনদেন নিরীক্ষণ ব্যবস্থা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, নীতি ও পদ্ধতিসমূহ অন্তর্ভুক্ত থাকবে।
- (৯) মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন এবং মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এ উল্লিখিত সম্পৃক্ত অপরাধ সম্পর্কিত কোন সংবাদ গণমাধ্যমে প্রকাশ হবার সাথে সাথে উক্ত কর্মকর্তাদের সাথে জড়িত কোন ব্যক্তি বা সত্তার কোন হিসাব (আমানত/ঋণ) পরিচালিত হয়ে থাকলে এ বিষয়ক বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক অবিলম্বে বিএফআইইউ বরাবরে প্রেরণ করতে হবে এবং প্রয়োজনবোধে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে।

১.৪ শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা

- (১) মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনাবলী এবং আর্থিক প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালা বাস্তবায়নের জন্য প্রতিষ্ঠানের প্রতিটি শাখায় একজন অভিজ্ঞ শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা (Branch Anti Money Laundering Compliance Officer-BAMLCO) মনোনীত করতে হবে।
- (২) শাখার অভিজ্ঞ কোন উর্ধ্বতন কর্মকর্তাকে শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা হিসেবে মনোনীত করতে হবে। উল্লেখ্য, শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার ন্যূনতম ৩ (তিন) বছরের অভিজ্ঞতা (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে) থাকতে হবে এবং মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর সকল নির্দেশনা এবং প্রতিষ্ঠানের নিজস্ব নীতিমালার বিষয়ে সম্যক ধারণা থাকতে হবে। শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার মনোনয়নপত্রে তার কর্মপরিধি এবং দায় দায়িত্ব সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে। শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক উক্ত কর্মকর্তাকে সর্বপ্রকার সহযোগিতা নিশ্চিত করতে হবে।
- (৩) শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা শাখার অন্যান্য সংশ্লিষ্ট গুরুত্বপূর্ণ কর্মকর্তাদের নিয়ে ত্রৈমাসিক ভিত্তিতে মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক সভা করবেন এবং উক্ত সভায় নিম্নোক্ত বিষয়সমূহসহ মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা এবং বিএফআইইউ এর অন্যান্য নির্দেশনার পরিপালন পর্যালোচনাপূর্বক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন :
 - গ্রাহক পরিচিতি (KYC)
 - লেনদেন মনিটরিং (Transaction Monitoring)

- সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিতকরণ ও রিপোর্টিং (STR/SAR)
- রেকর্ড সংরক্ষণ (Record Keeping)
- প্রশিক্ষণ (Training)

২। গ্রাহক নির্বাচন নীতিমালা

গ্রাহক নির্বাচনের ক্ষেত্রে প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানের একটি সুনির্দিষ্ট নীতিমালা থাকতে হবে। উক্ত নীতিমালায় অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :

- (১) বেনামে বা ছদ্মনামে বা শুধুমাত্র নম্বরযুক্ত কোন গ্রাহকের হিসাব খোলা যাবে না।
- (২) জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস ও সন্ত্রাসী কার্যে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার কোন হিসাব খোলা যাবে না বা পরিচালনা করা যাবে না। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা বলতে সন্ত্রাস বিরোধী বিধিমালা, ২০১৩ এর ২ (ছ) নং বিধিতে সংজ্ঞায়িত রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে। এই তালিকাসমূহ http://www.un.org/sc/committees/list_compend.shtml ওয়েবলিংক হতে সংগ্রহ করা যাবে। বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তা বলতে সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৮ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ সরকার কর্তৃক সময়ে সময়ে সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা তফসিলভুক্ত কোন ব্যক্তি বা সত্তাকে বুঝাবে।
- (৩) অনিবাসী বাংলাদেশীদের হিসাব খোলার ক্ষেত্রে Foreign Exchange Regulation Act, 1947 এর বিধানাবলী ও এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে।

৩। গ্রাহক পরিচিতি

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে এবং আর্থিক প্রতিষ্ঠান খাতকে এ বিষয়ক ঝুঁকি হতে মুক্ত রাখার জন্য গ্রাহক পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে। আর্থিক প্রতিষ্ঠানসমূহ যাতে মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকির সম্মুখীন না হয় তা নিশ্চিত করার জন্য প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানকে গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ এবং যাচাই প্রক্রিয়া (Know Your Customer-KYC) সম্পাদন করতে হবে।

৩.১ গ্রাহকের সংজ্ঞা

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি ব্যবস্থাপনায় গ্রাহক পরিচিতি ও যাচাই প্রক্রিয়ার ক্ষেত্রে গ্রাহক বলতে নিম্নোক্ত ব্যক্তি বা সত্তাকে বুঝাবে :

- (১) আর্থিক প্রতিষ্ঠানের সাথে কোনরূপ আমানত/ঋণ বা বিনিয়োগ হিসাব পরিচালনা বা সংরক্ষণ করে এমন যে কোন ব্যক্তি বা সত্তা;
- (২) হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) বা তৃতীয় কোন ব্যক্তি বা সত্তা যার পক্ষে হিসাব পরিচালিত হয়;
- (৩) বিদ্যমান আইনী কাঠামোর আওতায় হিসাব/ব্যবসায়িক সম্পর্ক কোন পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক পরিচালিত হলে উক্ত হিসাব বা ব্যবসায়িক সম্পর্কের প্রকৃত সুবিধাভোগী।

৩.২ Customer Due Diligence

১) Customer Due Diligence (CDD) বলতে নির্ভরযোগ্য ও স্বাধীন উৎস হতে প্রাপ্ত তথ্য, উপাত্ত ও দলিলাদির ভিত্তিতে গ্রাহকের পরিচিতি যাচাইকরণ ও সনাক্তকরণসহ হিসাবের লেনদেন মনিটরিং করাকে বুঝাবে। উল্লেখ্য যে, গ্রাহকের যথাযথ পরিচিতি গ্রহণ এবং যাচাইকরণ (KYC), CDD প্রক্রিয়ার একটি অংশ।

২) গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিম্নবর্ণিত বিভিন্ন পর্যায়ে CDD সম্পাদন করতে হবে-

- (ক) গ্রাহকের সাথে সম্পর্ক স্থাপনের সময়;
- (খ) বিদ্যমান গ্রাহকের সাথে আর্থিক লেনদেন সংঘটনের সময়;
- (গ) যখন সন্দেহ করার যথেষ্ট কারণ থাকবে যে ইতোপূর্বে গ্রাহকের পরিচিতির স্বপক্ষে যে তথ্য বা দলিলাদি সংগ্রহ করা হয়েছে তা পর্যাপ্ত নয় বা সঠিক নয়; এবং
- (ঘ) কোন লেনদেন মানিলভারিং বা সন্ত্রাসী কার্যে অর্থায়নের সাথে জড়িত এরূপ সন্দেহ হলে।

৩) গ্রাহকের পরিচিতি এবং আর্থিক প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপনের অন্তর্নিহিত উদ্দেশ্য সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য প্রত্যেক সংস্থা তাদের সন্তুষ্টি সাপেক্ষে পর্যাপ্ত (পূর্ণাঙ্গ ও সঠিক) তথ্য সংগ্রহ করবে। “সংস্থার সন্তুষ্টি সাপেক্ষে” বলতে বিদ্যমান নির্দেশনার

আলোকে গ্রাহকের ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রয়োজনীয় তথ্য, উপাত্ত ও দলিলাদি সংগ্রহপূর্বক CDD সম্পন্ন করা হয়েছে মর্মে যথাযথ কর্তৃপক্ষকে সন্তুষ্ট করাকে বুঝাবে। “পূর্ণাঙ্গ (Complete)” বলতে প্রয়োজ্য ব্যক্তি/সংস্থার পরিচিতি যাচাইকল্পে প্রয়োজনীয় সকল তথ্যের সন্নিবেশকে বুঝাবে। উদাহরণস্বরূপঃ ব্যক্তির (সত্তার নামে পরিচালিত হিসাবের ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের) নাম ও বিস্তারিত ঠিকানা, পাসপোর্ট/জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ/গ্রহণযোগ্য পরিচিতিমূলক ছবিযুক্ত আইডি কার্ড, ফোন/মোবাইল নম্বর ইত্যাদি। “সঠিক (Accurate)” বলতে পূর্ণাঙ্গ এরূপ তথ্যকে বুঝাবে যার সঠিকতা যাচাই করা হয়েছে।

- ৪) যদি গ্রাহকের পক্ষে অন্য কোন ব্যক্তি হিসাব পরিচালনা করে/ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করে সেক্ষেত্রে উক্ত ব্যক্তি যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত কিনা তা নিশ্চিত হয়ে তার পরিচিতির পূর্ণাঙ্গ ও সঠিক তথ্য সংগ্রহ করতে হবে।
- ৫) ট্রাস্টি ও পেশাদার মধ্যস্থতাকারী কর্তৃক গ্রাহকের পক্ষে পরিচালিত হিসাবের ক্ষেত্রে/ব্যবসায়িক সম্পর্ক স্থাপনের ক্ষেত্রে তাদের আইনগত অবস্থান পর্যালোচনা ও তার যথার্থতা নিরূপণপূর্বক সংশ্লিষ্ট সকলের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করতে হবে।
- ৬) যেসব দেশ মানিলাভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করেনি বা তাৎপর্যপূর্ণ/উল্লেখযোগ্য পরিমাণ ঘাটতি রয়েছে (যেমন : ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাঙ্কফোর্সের পাবলিক ডকুমেন্টে High Risk and Non-Cooperative Jurisdictions হিসেবে তালিকাভুক্ত দেশ) সেসব দেশের কোন ব্যক্তি বা সত্তার (আইনগত প্রতিনিধি, আর্থিক প্রতিষ্ঠানসহ যে কোন প্রতিষ্ঠান) সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন ও বজায় রাখা এবং লেনদেন সম্পাদনের ক্ষেত্রে অধিকতর সতর্কতামূলক Enhanced Due Diligence (৩.৪ নং অনুচ্ছেদ অনুযায়ী) সম্পন্ন করতে হবে।
- ৭) হিসাবের প্রকৃত সুবিধাভোগী (Beneficial Owner) সনাক্তকরণপূর্বক সংস্থার সন্তুষ্টি সাপেক্ষে নির্ভরযোগ্য সূত্র হতে সংগৃহীত তথ্যের ভিত্তিতে নিম্নোক্ত ক্ষেত্রে পরিচিতি নিশ্চিত করতে হবে :
 - ক) যদি কোন গ্রাহক অন্য কোন ব্যক্তির পক্ষে হিসাব/ব্যবসায়িক সম্পর্ক পরিচালনা করে, সে ক্ষেত্রে গ্রাহক ছাড়াও উক্ত ব্যক্তির পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে;
 - খ) যদি কোন হিসাবের অর্থের উৎস হিসাবধারী ব্যতীত অন্য কোন ব্যক্তি হয় সে ক্ষেত্রে হিসাবের অর্থ যোগানদাতার পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে; এবং
 - গ) কোম্পানীর ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী শেয়ার হোল্ডার অথবা ২০% বা তদুর্ধ্ব একক শেয়ারহোল্ডারকে হিসাবের প্রকৃত সুবিধাভোগী বিবেচনায় তার/তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে।

৩.৩ Customer Due Diligence সম্পাদন করা সম্ভব না হলে রিপোর্ট প্রদানকারী সংস্থার করণীয়

গ্রাহকের অসহযোগিতাপূর্ণ আচরণের কারণে অথবা গ্রাহকের বিষয়ে সংগৃহীত তথ্য/উপাত্ত নির্ভরযোগ্য না হলে অর্থাৎ গ্রাহক পরিচিতির সন্তোষজনক তথ্য প্রাপ্তি এবং তা যাচাই সাপেক্ষে CDD সম্পাদন করা সম্ভব না হলে আর্থিক প্রতিষ্ঠানসমূহ নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করবেঃ

- ১) আর্থিক প্রতিষ্ঠানগুলো উক্তরূপ গ্রাহকের হিসাব খুলবে না বা প্রয়োজনে বিদ্যমান হিসাব বন্ধ করে দিবে অথবা কোন ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করবে না;
- ২) বিদ্যমান এরূপ হিসাব বন্ধ করার ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে এবং হিসাব বন্ধ করার পূর্বে হিসাব বন্ধকরণের কারণ ব্যাখ্যাপূর্বক গ্রাহককে নোটিশ প্রদান করতে হবে;
- ৩) ক্ষেত্রমত এরূপ গ্রাহকের বিষয়ে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে।

৩.৪ Enhanced Due Diligence

প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান এর গ্রাহক/ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তির সকল জটিল, অস্বাভাবিক বা বৃহদাংকের লেনদেন (যেসব ক্ষেত্রে যথাযথ আর্থিক বা আইনগত উদ্দেশ্য অনুপস্থিত) নিয়মিতভাবে পর্যবেক্ষণ করবে। যেসকল ক্ষেত্রে মানিলাভারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি অধিকতর মর্মে প্রতীয়মান হয় সেসব ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানকে Enhanced CDD সম্পাদন করতে হবে। এক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানগুলো অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন চিহ্নিতকরণের নিমিত্তে গ্রাহকের হিসাব/ব্যবসায়িক সম্পর্ক/লেনদেন নিয়মিত ও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবে। Enhanced CDD এর জন্য রিপোর্ট প্রদানকারী সংস্থাগুলো নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করবে-

- ১) গ্রাহক/ব্যবসায়িক সম্পর্ক স্থাপনকারী ব্যক্তি/সত্তার সম্বন্ধে অতিরিক্ত তথ্য (পেশা, সম্পদের পরিমাণ, লেনদেনের ব্যাখ্যা ইত্যাদি) সংগ্রহ করবে এবং নিয়মিত বিরতিতে তা হালনাগাদ করবে;
- ২) আর্থিক প্রতিষ্ঠানের উপযুক্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করতে হবে।

৩.৫ গ্রাহকের হিসাব পরিচালনা সংক্রান্ত নিয়মাবলী

- (১) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান গ্রাহকের হিসাব খোলার ক্ষেত্রে ‘পরিশিষ্ট-খ’ এ সংযুক্ত হিসাব খোলার ফরমের আলোকে প্রণীত নিজস্ব ফরম ব্যবহার করবে। গ্রাহক পরিচিতি এবং Customer Due diligence (CDD) যথাযথভাবে সম্পাদন করার জন্য উক্ত হিসাব খোলার

ফরম ব্যবহারপূর্বক প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান তার গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য সংগ্রহ করবে এবং গ্রাহকের ঝুঁকি বিবেচনায় ৩.২ অনুচ্ছেদে উল্লিখিত CDD সম্পন্ন করার নির্দিষ্ট সময়ের মধ্যে সংগৃহীত তথ্যের সঠিকতা যাচাইসহ CDD সম্পাদনপূর্বক তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে। এক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠান কোনক্রমেই উক্ত ফরমে উল্লিখিত তথ্যের কম তথ্য সংগ্রহ করবে না। তবে প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান যথাযথভাবে গ্রাহকের পরিচিতি ও CDD সম্পাদন করার উদ্দেশ্যে প্রতিষ্ঠানের সম্ভ্রুতি সাপেক্ষে উক্ত ফরমে বর্ণিত তথ্যের অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবে। “সংস্থার সম্ভ্রুতি সাপেক্ষে” এর ব্যাখ্যা ৩.২ (৩) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে।

- (২) সকল আর্থিক প্রতিষ্ঠান অভিন্ন হিসাব খোলার ফরম ও KYC ফরম যথাশীঘ্র প্রচলন করবে, তবে ১৫ জুলাই, ২০১৫ তারিখের মধ্যে অবশ্যই তা সম্পন্ন করতে হবে এবং নতুনভাবে মুদ্রিত ফরমের এক সেট এ ইউনিটে দাখিল করতে হবে।
- (৩) একই প্রতিষ্ঠানে একই গ্রাহকের একাধিক হিসাব পরিচালিত হলে গ্রাহক পরিচিতির পুনরাবৃত্তি পরিহারের সুবিধার্থে প্রতিষ্ঠান উক্ত গ্রাহকের জন্য একটি Unique Customer Identification Code (UCIC) বরাদ্দ করবে। উক্ত UCIC গ্রাহককে চিহ্নিত করতে সাহায্য করবে, নির্দিষ্ট গ্রাহককে প্রতিষ্ঠান কর্তৃক কী কী সেবা প্রদান করা হচ্ছে তা চিহ্নিত (Track) করতে সাহায্য করবে।
- (৪) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান নির্দিষ্ট সময় অন্তর অন্তর গ্রাহকের পরিচিতিমূলক তথ্য (KYC) হালনাগাদকরণের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নিম্ন ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া প্রতি দুই বছর অন্তর সম্পন্ন করতে হবে। এছাড়া, উচ্চ ঝুঁকি সম্পন্ন গ্রাহকের ক্ষেত্রে এরূপ প্রক্রিয়া এক বছর অন্তর সম্পন্ন করতে হবে। তবে গ্রাহকের পরিচিতিমূলক তথ্যের যে কোন পরিবর্তন অবগত হওয়ার সাথে সাথেই তা হালনাগাদ করতে হবে। এছাড়া নির্দিষ্ট কোন প্রয়োজন অনুভূত হলে যে কোন সময়েই গ্রাহকের পরিচিতিমূলক তথ্য হালনাগাদ করতে হবে। হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে পুনরায় অবিলম্বে এসব হিসাবের ঝুঁকি নির্ণয় করতে হবে।
- (৫) এপ্রিল ৩০, ২০০২ তারিখের পূর্বে খোলা যে সকল হিসাবের KYC প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব হয়নি সে সকল হিসাব ‘সুপ্ত’ (Dormant) হিসেবে চিহ্নিত হবে। তবে গ্রাহক কর্তৃক শাখা ব্যবস্থাপক/প্রতিষ্ঠানের নিকট লিখিত আবেদনের প্রেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান উক্ত গ্রাহকের KYC প্রক্রিয়া সম্পন্ন করলে গ্রাহক হিসাবটিতে স্বাভাবিক লেনদেন সম্পাদন করতে পারবেন। কেন্দ্রীয় পরিপালন ইউনিট এরূপ সুপ্ত হিসাবের তথ্য সংরক্ষণ করবে এবং প্রতিষ্ঠানিক রীতি-নীতির বাইরে কোন হিসাব বন্ধ করবে না।

৩.৬ সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহকের (Non face to face customer) ক্ষেত্রে করণীয়

আর্থিক প্রতিষ্ঠান তাদের সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহককে সেবা প্রদানের ক্ষেত্রে মানিলভারিং ও সম্ভ্রাসী কার্যে অর্থায়নের ঝুঁকি নিরূপণ এবং ঝুঁকি নিরসনের নীতি ও পদ্ধতি প্রণয়ন করবে এবং সময় সময় তা পর্যালোচনা করবে।

সশরীরে অনুপস্থিত বা দূরবর্তী গ্রাহক বলতে এ সকল গ্রাহককে বুঝাবে যারা সশরীরে উপস্থিত না হয়ে প্রতিষ্ঠানের এজেন্টের মাধ্যমে বা নিজের পেশাদার প্রতিনিধির (আইনজীবী, একাউন্টেন্ট ইত্যাদি) মাধ্যমে হিসাব খুলে থাকে এবং পরিচালনা করে থাকে।

৩.৭ Politically Exposed Persons (PEPs) এর ক্ষেত্রে করণীয়

Politically Exposed Persons (PEPs) এর হিসাব খোলা ও হিসাব পরিচালনার ক্ষেত্রে এ সার্কুলারের ৩.২, ৩.৩, ৩.৪ ও ৩.৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি নিম্নের নির্দেশনাসমূহ অনুসরণ করতে হবে :

- ক) রিপোর্ট প্রদানকারী সংস্থাকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী PEPs কিনা তা নির্ধারণ করার জন্য ঝুঁকি ব্যবস্থাপনা পদ্ধতি গ্রহণ করতে হবে;
- খ) রিপোর্ট প্রদানকারী সংস্থার উপযুক্ত উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তাদের সাথে ব্যবসায়িক সম্পর্ক স্থাপন করতে হবে;
- গ) কোন PEP এর হিসাবের অর্থ বা সম্পদের উৎস জানার জন্য যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ) তাদের হিসাবের লেনদেন নিয়মিতভাবে মনিটর করতে হবে; এবং
- ঙ) Foreign Exchange Regulation Act, 1947 ও এর আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত অনিবাসীদের হিসাব খোলা সংক্রান্ত যাবতীয় বিধিবিধান যথারীতি পরিপালন করতে হবে।

উল্লেখ্য, Politically Exposed Persons (PEPs) বলতে “individuals who are or have been entrusted with prominent public functions by a foreign country, for example Heads of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

PEPs এর পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও উপরোক্ত নির্দেশনাসমূহ প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘PEPs’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৩.৮ প্রভাবশালী ব্যক্তির (Influential Persons) ক্ষেত্রে করণীয়

রিপোর্ট প্রদানকারী সংস্থাকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী প্রভাবশালী কোন ব্যক্তি কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে ৩.২, ৩.৩, ৩.৪ ও ৩.৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি অনুচ্ছেদ ৩.৭ এর খ হতে ও ক্রমিক বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে।

উল্লেখ্য, প্রভাবশালী ব্যক্তি বলতে “individuals who are or have been entrusted domestically with prominent public functions, for example Head of State or of government, senior politicians, senior government, judicial or military officials, senior executives of state owned corporations, important political party officials” কে বুঝাবে।

প্রভাবশালী কোন ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘প্রভাবশালী ব্যক্তি’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৩.৯ আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে করণীয়

রিপোর্ট প্রদানকারী সংস্থাকে তাদের গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী কোন আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা কিনা তা নির্ধারণ করতে হবে। এ ধরনের গ্রাহকের সাথে ব্যবসায়িক সম্পর্ক ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে ৩.২, ৩.৩, ৩.৪ ও ৩.৫ নম্বর অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা অনুসরণের পাশাপাশি অনুচ্ছেদ ৩.৭ এর খ হতে ও ক্রমিক বর্ণিত নির্দেশনা পরিপালন করতে হবে।

উল্লেখ্য, আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তা বলতে “persons who are or have been entrusted with a prominent function by an international organization refers to members of senior management, i.e. directors, deputy directors and members of the board or equivalent functions” কে বুঝাবে।

আন্তর্জাতিক সংস্থার প্রধান বা উচ্চ পর্যায়ের কর্মকর্তার ক্ষেত্রে প্রযোজ্য নির্দেশনা তাদের পরিবারের সদস্য ও তাদের সাথে নিবিড়ভাবে সম্পর্কিত ব্যক্তির (close associates) ক্ষেত্রেও প্রযোজ্য হবে। তবে এ অনুচ্ছেদে উল্লিখিত ‘আন্তর্জাতিক সংস্থার প্রধান’ বা ‘উচ্চ পর্যায়ের কর্মকর্তা’ হিসেবে কোন মধ্যম বা অধস্তন (Middle ranking or more junior individuals) পর্যায়ের ব্যক্তি বিবেচিত হবেন না।

৪। ঝুঁকি ভিত্তিক এপ্রোচ (Risk Based Approach) অনুসরণ

আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের গ্রাহক বা তৃতীয় পক্ষ, বিভিন্ন স্টেকহোল্ডার, পণ্য/সেবা ইত্যাদির ভিত্তিতে তাদের নিজ নিজ প্রতিষ্ঠানের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি নিরূপণ করবে এবং সময়ে সময়ে উক্ত ঝুঁকি নিরসনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

৫। নতুন সেবা বা প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে করণীয় (New Service or Technology)

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক প্রযুক্তি নির্ভর নতুন কোন সেবা বা পদ্ধতি (যেমন- ইন্টারনেটের মাধ্যমে লেনদেন, ইলেকট্রনিক কার্ড ইত্যাদি) প্রচলন বা প্রচলিত সেবা বা পদ্ধতির উন্নয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত সেবা বা পদ্ধতির মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন ঝুঁকি চিহ্নিত করবে, তার মাত্রা নিরূপণ করবে এবং এরূপ সেবা বা পদ্ধতি হতে সৃষ্ট ঝুঁকি মোকাবেলার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

৬। নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR)

(১) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান তার দৈনন্দিন লেনদেন পর্যালোচনা করে একটি হিসাবে একটি নির্দিষ্ট দিনে এক বা একাধিক লেনদেনের মাধ্যমে জমা বা উত্তোলনের (অনলাইনসহ যে কোন ধরনের নগদ জমা বা উত্তোলন) পরিমাণ যদি ১০,০০,০০০.০০ (দশ লক্ষ) টাকা বা তদূর্ধ্ব অংকের হয় তবে স্ব স্ব কেন্দ্রীয় পরিপালন ইউনিটের মাধ্যমে বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) বরাবরে নগদ লেনদেন রিপোর্ট (Cash Transaction Report-CTR) হিসেবে দাখিল করবে। এক্ষেত্রে নগদ লেনদেন বলতে আর্থিক প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবে আর্থিক প্রতিষ্ঠানে পরিচালিত হিসাবের অনুকূলে তাদের গ্রাহক বা তৃতীয় পক্ষ কর্তৃক সম্পাদিত নগদ লেনদেনকে বোঝাবে।

(২) এরূপ বিবরণী মাসিক ভিত্তিতে প্রদেয় হবে। সে মোতাবেক প্রতি মাসের নগদ লেনদেন রিপোর্ট পরবর্তী মাসের ২১ তারিখের মধ্যে goAML web এর মাধ্যমে বিএফআইইউ এর নিকট দাখিল করতে হবে। goAML সংশ্লিষ্ট প্রয়োজনীয় ডকুমেন্ট <http://www.bb.org.bd/eservices.php> ওয়েবলিংক হতে ডাউনলোড করা যাবে।

(৩) সামগ্রিক পরিস্থিতি পর্যালোচনাপূর্বক মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণের সুবিধার্থে নগদ লেনদেন রিপোর্টিং পদ্ধতি চালু করা হলো। পূর্বে প্রবর্তিত সন্দেহজনক লেনদেন রিপোর্টিং একটি সম্পূর্ণ পৃথক ব্যবস্থা। কোন হিসাবে নগদ লেনদেন রিপোর্টযোগ্য লেনদেন সম্পাদিত হলেই তা সন্দেহজনক লেনদেন হিসেবে বিবেচিত হবে না। তবে কেন্দ্রীয় পরিপালন ইউনিট আর্থিক প্রতিষ্ঠানটির নগদ লেনদেন রিপোর্টযোগ্য সকল লেনদেন পর্যালোচনা করে কোন সন্দেহজনক লেনদেন

সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করবে ও সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত হলে পৃথকভাবে “সন্দেহজনক লেনদেন রিপোর্ট” হিসেবে বিএফআইইউ বরাবর দাখিল করবে। সন্দেহজনক লেনদেন পরিলক্ষিত না হলে “সন্দেহজনক লেনদেন পাওয়া যায়নি” মর্মে প্রধান মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা হতে প্রত্যয়ন পত্র গ্রহণ করতঃ মাসিক নগদ লেনদেন রিপোর্টের সাথে goAML Web এর Message Board এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করতে হবে।

- (৪) সংশ্লিষ্ট মাসে আর্থিক প্রতিষ্ঠানে রিপোর্টযোগ্য নগদ লেনদেন সংঘটিত না হলে “নগদ লেনদেন রিপোর্টযোগ্য কোন লেনদেন নেই” মর্মে প্রত্যয়নপত্র goAML Web এর Message Board এর মাধ্যমে বিএফআইইউকে অবহিত করতে হবে।
- (৫) সরকারী হিসাব (বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগসহ), সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান, আধা সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের হিসাবে নগদ জমার ক্ষেত্রে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করার প্রয়োজন হবে না, তবে নগদ উত্তোলনের ক্ষেত্রে যথানিয়মে নগদ লেনদেন রিপোর্ট দাখিল করতে হবে।
- (৬) প্রতিটি শাখা মাসিক ভিত্তিতে উক্ত শাখার নগদ লেনদেন রিপোর্ট সংরক্ষণ করবে।
- (৭) আর্থিক প্রতিষ্ঠানসমূহ নগদ লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ এ দাখিলের মাস হতে কমপক্ষে ৫(পাঁচ) বছর সংরক্ষণ করবে।
- (৮) জুন, ২০১৫ মাসে সম্পাদিত নগদ লেনদেনের প্রথম রিপোর্ট জুলাই, ২০১৫ মাসের নির্ধারিত তারিখের মধ্যে বিএফআইইউতে দাখিল করতে হবে।

৭। সন্দেহজনক লেনদেন রিপোর্ট (Suspicious Transaction Report-STR)

- (১) মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২৫(১)(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ১৬(১) ধারায় বর্ণিত নির্দেশনা বাস্তবায়নের নিমিত্তে প্রতিটি আর্থিক প্রতিষ্ঠানের সকল কর্মকর্তা দৈনন্দিন লেনদেন বা কার্যক্রমে সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে সচেতন ও সতর্ক থাকবেন।
- (২) সন্দেহজনক লেনদেন সনাক্তকরণে আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ মানিলভারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ২(ঘ) ধারা এবং সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ২(১৬) ধারায় বর্ণিত সংজ্ঞা বিবেচনা করবেন।
- (৩) আর্থিক প্রতিষ্ঠানের শাখার কোন কর্মকর্তা কর্তৃক সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম চিহ্নিত হওয়ার সাথে সাথে তা শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তাকে লিখিতভাবে অবহিত করতে হবে। শাখা মানিলভারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা রিপোর্টকৃত লেনদেন বা কার্যক্রম অবিলম্বে যথাযথভাবে বিশ্লেষণ করবেন এবং পর্যবেক্ষণসমূহ বিশদভাবে লিপিবদ্ধ করে সংরক্ষণ করবেন। বর্ণিত লেনদেন বা কার্যক্রমটি সন্দেহজনক হিসেবে বিবেচিত হলে তা অবিলম্বে প্রয়োজনীয় দলিলাদিসহ কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করতে হবে।
- (৪) কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখা হতে প্রাপ্ত সন্দেহজনক লেনদেন বা কার্যক্রমটি যথাযথভাবে ও প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদি সন্নিবেশিত করে রিপোর্ট করা হয়েছে কিনা তা পর্যালোচনা করে অবিলম্বে goAML web ব্যবহার করে এবং goAML Manual এর নির্দেশনা অনুসারে বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিলের পাশাপাশি ‘পরিশিষ্ট-গ’ তে সংযুক্ত ফরম ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত বা দলিলাদিসহ বিএফআইইউ বরাবর সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিল করবে। নির্ধারিত ফরমে সন্দেহজনক লেনদেন রিপোর্ট দাখিলের ক্ষেত্রে সীলকৃত খামের উপরে ‘গোপনীয় STR’ লিখে খামটি সরাসরি মহাব্যবস্থাপক, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা বরাবর প্রেরণ করবে।
- (৫) আর্থিক প্রতিষ্ঠানসমূহ সন্দেহজনক লেনদেন রিপোর্ট এর তথ্যাদি বিএফআইইউ কর্তৃক পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত সংরক্ষণ করবে।
- (৬) সন্দেহজনক লেনদেন বা কার্যক্রম সনাক্তকরণ বা রিপোর্ট করার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিষয়টির গোপনীয়তা নিশ্চিত করবেন এবং এমন কোন আচরণ করবেন না যাতে সংশ্লিষ্ট গ্রাহক হিসাবের লেনদেনের বিষয়ে সতর্ক হতে পারেন।
- (৭) শাখা পর্যায়ে কোন লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক হিসেবে চিহ্নিত না হলেও কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক কোন লেনদেন বা কার্যক্রম সন্দেহজনক প্রতীয়মান হলে অনুচ্ছেদ ৭(৪) মোতাবেক সন্দেহজনক লেনদেন রিপোর্ট বিএফআইইউ বরাবর দাখিল করতে হবে।

৮। Self Assessment এবং Independent Testing Procedures

মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে একটি কার্যকরী ব্যবস্থা প্রতিষ্ঠার লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত Self Assessment Report পর্যালোচনা এবং Independent Testing Procedures যথাযথভাবে সম্পন্ন

করার জন্য উক্ত বিভাগটিতে পর্যাপ্ত লোকবল নিশ্চিত করতে হবে যাদের মানিলভারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে বিদ্যমান আইন, বিধিমালা, বিএফআইইউ এর নির্দেশনা এবং এ বিষয়ক নিজস্ব নীতিমালা সম্পর্কে সম্যক জ্ঞান রয়েছে।

৮.১ শাখাসমূহের করণীয়

- (১) প্রতিটি শাখা কর্তৃক Self Assessment এর জন্য নির্ধারিত চেকলিস্ট (পরিশিষ্ট 'ঘ') এর উপর ভিত্তি করে ষাণ্মাসিক ভিত্তিতে নিজেদের শাখার মূল্যায়ন করতে হবে;
- (২) আলোচ্য মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত করার পূর্বে শাখা ব্যবস্থাপকের সভাপতিত্বে শাখার সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিয়ে সভা করতে হবে। উক্ত সভায় খসড়া শাখা মূল্যায়ন প্রতিবেদনের উপর আলোচনা করতে হবে, চিহ্নিত সমস্যা শাখা পর্যায়ে সমাধান করা সম্ভবপর হলে শাখা কর্তৃক অবিলম্বে ব্যবস্থা গ্রহণপূর্বক চূড়ান্ত করতে হবে এবং চূড়ান্ত প্রতিবেদনে সুপারিশ লিপিবদ্ধ করতে হবে। পরবর্তী মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক ত্রৈমাসিক সভাগুলোতে এতদসংশ্লিষ্ট বিষয়ের অগ্রগতি নিয়ে আলোচনা করতে হবে; এবং
- (৩) প্রতিটি ষাণ্মাসিককাল সমাপ্ত হওয়ার পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে শাখা মূল্যায়ন প্রতিবেদন, এ বিষয়ে শাখা কর্তৃক গৃহীত/গৃহীতব্য কার্যক্রম ও সুপারিশসহ প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ ও কেন্দ্রীয় পরিপালন ইউনিটে প্রেরণ করতে হবে।

৮.২ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের করণীয়

- (১) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক শাখাসমূহ হতে প্রাপ্ত শাখা মূল্যায়ন প্রতিবেদন যাচাই করে কোন শাখায় কোন ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং বিষয়টি কেন্দ্রীয় পরিপালন ইউনিটকে অবহিত করতে হবে।
- (২) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ তাদের নিজস্ব এবং নিয়মিত বার্ষিক পরিদর্শন/নিরীক্ষা কর্মসূচী অনুসারে বিভিন্ন শাখার পরিদর্শন/নিরীক্ষা কার্যক্রম সম্পাদনকালে Independent Testing Procedures এর নির্ধারিত চেকলিস্ট (পরিশিষ্ট 'ঙ')-এর ভিত্তিতে সংশ্লিষ্ট শাখার মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়াদি পরীক্ষা করবে ও শাখার রেটিং নির্ণয়করতঃ সংশ্লিষ্ট শাখার প্রতিবেদন প্রণয়ন করবে।
- (৩) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ পরিদর্শিত/নিরীক্ষিত শাখাসমূহের রেটিং সম্বলিত প্রতিবেদনের কপি আর্থিক প্রতিষ্ঠানের কেন্দ্রীয় পরিপালন ইউনিট বরাবরে প্রেরণ করবে।

৮.৩ কেন্দ্রীয় পরিপালন ইউনিটের করণীয়

- (১) কেন্দ্রীয় পরিপালন ইউনিট শাখাসমূহ হতে প্রাপ্ত শাখা মূল্যায়ন প্রতিবেদন এবং আর্থিক প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত পরিদর্শন/নিরীক্ষা প্রতিবেদনের উপর ভিত্তি করে বিবেচ্য ষাণ্মাসিকে পরিদর্শিত শাখাসমূহের চেকলিস্ট ভিত্তিক মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে। উক্ত প্রতিবেদনে অন্যান্য বিষয়ের সাথে আবশ্যিকভাবে নিম্নের বিষয়সমূহ অন্তর্ভুক্ত থাকবে :
 - (ক) মোট শাখার সংখ্যা এবং শাখা হতে প্রাপ্ত মোট সেলফ অ্যাসেসমেন্ট রিপোর্টের সংখ্যা;
 - (খ) রিপোর্টকালে অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক পরিদর্শিত/নিরীক্ষিত শাখার সংখ্যা এবং শাখাসমূহের অবস্থা (শাখাওয়ারী প্রাপ্ত নম্বর);
 - (গ) প্রাপ্ত সেলফ অ্যাসেসমেন্ট রিপোর্টে অধিক সংখ্যক শাখায় একই ধরনের যে সকল অনিয়মের বিষয় উল্লেখ রয়েছে তা উল্লেখপূর্বক ঐ সকল অনিয়ম রোধে কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক গৃহীত ব্যবস্থা;
 - (ঘ) অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে উল্লিখিত সাধারণ ও বিশেষ অনিয়মসমূহ এবং ঐ সকল অনিয়ম রোধে কেন্দ্রীয় পরিপালন ইউনিট কর্তৃক গৃহীত ব্যবস্থা; এবং
 - (ঙ) প্রাপ্ত রিপোর্টে “অসন্তোষজনক” ও “প্রান্তিক” হিসেবে মূল্যায়িত শাখাসমূহের পরিপালন নিশ্চিত করতঃ রেটিং উন্নয়নকল্পে গৃহীত ব্যবস্থা।আলোচ্য প্রতিবেদনটি ১.৩(৬) এ উল্লিখিত প্রতিবেদনে অন্তর্ভুক্ত হবে।
- (২) শাখাসমূহ হতে প্রাপ্ত শাখা মূল্যায়ন প্রতিবেদন যাচাই করে কোন শাখায় কোন ঝুঁকিপূর্ণ বিষয় পরিলক্ষিত হলে তাৎক্ষণিকভাবে শাখাটি অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের মাধ্যমে পরিদর্শনের ব্যবস্থা করতে হবে এবং বিষয়টি উপযুক্ত কর্তৃপক্ষের নজরে আনতে হবে।

৯। সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ (Prevention of Financing of Terrorism and Financing of Proliferation of Weapons of Mass Destruction)

- (১) প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদের অনুমোদনক্রমে সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়ন সংক্রান্ত লেনদেন প্রতিরোধ ও সনাক্ত করার লক্ষ্যে একটি পদ্ধতি প্রতিষ্ঠা করবে, প্রতিষ্ঠানের কর্মকর্তাদের দায়দায়িত্ব সম্পর্কিত

নির্দেশনা জারী করবে, সময় সময় তা পর্যালোচনা করবে এবং বিএফআইইউ কর্তৃক জারীকৃত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা নিশ্চিত করবে।

- (২) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় সন্ত্রাস, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র বিস্তারে অর্থায়নে জড়িত সন্দেহে তালিকাভুক্ত কোন ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার হালনাগাদ তথ্য ইলেক্ট্রনিক পদ্ধতিতে সংরক্ষণ করবে। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের বিভিন্ন রেজুলেশনের আওতায় তালিকাভুক্ত ব্যক্তি বা সত্তা এবং বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত কোন ব্যক্তি বা নিষিদ্ধ ঘোষিত সত্তার সংজ্ঞা এ সার্কুলারের ২(২) অনুচ্ছেদে প্রদান করা হয়েছে।
- (৩) প্রতিটি আর্থিক প্রতিষ্ঠান জাতিসংঘের নিরাপত্তা পরিষদের কোন রেজুলেশনের আওতায় বা বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার নামে অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তার নামে হিসাব (আমানত/ঋণ) রয়েছে কিনা বা কোন লেনদেন সংঘটিত হয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনে লেনদেন পর্যালোচনা করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তা অথবা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাদের নিয়ন্ত্রণাধীন/স্বার্থসংশ্লিষ্ট কোন ব্যক্তি বা সত্তার কোন হিসাব (আমানত/ঋণ) বা লেনদেন চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান উক্ত হিসাবের লেনদেন বা লেনদেনটি স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে এ বিষয়ক বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে।
- (৪) জাতিসংঘের নিরাপত্তা পরিষদ কর্তৃক গৃহীত রেজুলেশন ১৩৭৩ (২০০১) এর আওতায় বিদেশী সরকার বা বিদেশী এফআইইউ এর অনুরোধে বিএফআইইউ হতে প্রেরিত বা উক্ত রেজুলেশনের আওতায় বাংলাদেশ সরকার কর্তৃক তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার সাথে হিসাব (আমানত/ঋণ) বা অন্য কোন সম্পর্ক রয়েছে কিনা তা চিহ্নিত করার জন্য আর্থিক প্রতিষ্ঠান নিয়মিত লেনদেন মনিটর করবে এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। তালিকাভুক্ত বা নিষিদ্ধ ঘোষিত কোন ব্যক্তি বা সত্তার কোন হিসাব (আমানত/ঋণ) চিহ্নিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান উক্ত হিসাব (আমানত/ঋণ) লেনদেন স্থগিত করে পরবর্তী কর্ম দিবসের মধ্যে বিস্তারিত তথ্য বিএফআইইউকে অবহিত করবে।

১০। নিয়োগ ও প্রশিক্ষণ

১০.১ নিয়োগ

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়নের ঝুঁকি নিরসনের লক্ষ্যে আর্থিক প্রতিষ্ঠান তাদের বিভিন্ন নিয়োগ প্রক্রিয়ায় যথাযথ যাচাই প্রক্রিয়া (Screening Mechanism) অনুসরণ করবে যাতে কোন স্তরের কর্মকর্তার মাধ্যমে প্রতিষ্ঠান এ ধরনের ঝুঁকির সম্মুখীন না হয়।

১০.২ প্রশিক্ষণ- আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তা

মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রমের যথাযথ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান তাদের সকল কর্মকর্তাদের মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ সংশ্লিষ্ট বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে এবং এ সংক্রান্ত তথ্য ও দলিলাদি সংরক্ষণ করবে।

১০.৩ শিক্ষণ- আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহক

(১) আর্থিক প্রতিষ্ঠান তাদের গ্রাহকদের হিসাব (আমানত/ঋণ) খোলার প্রাক্কালে যাচিত বিভিন্ন তথ্য সন্নিবেশ ও দলিলাদি দাখিলের যৌক্তিকতার বিষয়ে গ্রাহককে অবহিত করবে এবং মানিলভারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্রের বিস্তারে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে গ্রাহকদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সময় সময় লিফলেট বিতরণ এবং প্রতিটি শাখার দৃশ্যমান স্থানে এ বিষয়ক পোস্টার স্থাপনের ব্যবস্থা করবে।

(২) এছাড়া Corporate Social Responsibility (CSR) এর আওতায় মানিলভারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধে বিভিন্ন গণমাধ্যমসহ অন্যান্য মাধ্যমে এ বিষয়ক সচেতনতামূলক বিজ্ঞাপন, তথ্যচিত্র ইত্যাদি প্রচারের ব্যবস্থা করবে।

১১। রেকর্ড এবং প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সংরক্ষণ

- (১) গ্রাহকের হিসাব (আমানত/ঋণ) এবং হিসাবের লেনদেন সংক্রান্ত সকল প্রয়োজনীয় তথ্য বা দলিলাদি হিসাব/ব্যবসায়িক সম্পর্ক বন্ধ হওয়ার তারিখ হতে অন্ত্যন ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে;
- (২) গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে সংগৃহীত সকল তথ্য ও দলিলাদি, হিসাব (আমানত/ঋণ) সংক্রান্ত দলিলাদি, ব্যবসায়িক পত্র যোগাযোগ এবং কোন গ্রাহকের বিষয়ে কোন প্রতিবেদন প্রণীত হলে এ সকল তথ্যাদি/দলিলাদি গ্রাহকের হিসাব/আমানত/ঋণ বন্ধ হওয়ার তারিখ হতে অন্ত্যন ৫ (পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করতে হবে।

(৩) সংরক্ষিত তথ্যাদি অপরাধ কার্যক্রমের বিচারিক প্রক্রিয়ায় দালিলিক প্রমাণ হিসেবে উপস্থাপন করার ক্ষেত্রে যথেষ্ট হতে হবে।

(৪) গ্রাহকের KYC সহ CDD প্রক্রিয়া সম্পাদনকালে গৃহীত সকল তথ্য ও দলিলাদি এবং লেনদেন সংক্রান্ত তথ্য ও দলিলাদি বিএফআইইউ এর চাহিদা বা নির্দেশনা মোতাবেক সরবরাহ করবে।

১২। আর্থিক প্রতিষ্ঠানের জন্য ইতোপূর্বে জারীকৃত নিম্নোক্ত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের নির্দেশনা বলবৎ থাকবে।

সার্কুলার/সার্কুলার লেটার নং	জারীর তারিখ	বিষয়
এএমএল সার্কুলার নং-২২	২১ এপ্রিল, ২০০৯	সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ জারী প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার লেটার-০১	৩০ জানুয়ারি, ২০১২	বিএফআইইউ নামকরণ প্রসঙ্গে।
বিএফআইইউ সার্কুলার নং-০২	১৫ মার্চ, ২০১২	মানিলাভারিং প্রতিরোধ আইন, ২০১২ ও সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১২ জারী প্রসঙ্গে।
